		মো: শফির বিল সরকারি প্রা: বি	২৬৩	৩	৭নং ওয়ার্ড	না
		চোয়াংখালী সরকারি প্রা: বি	৩৩৩	৪	৮নং ওয়ার্ড	হ্যাঁ
		ছেপটখালী সরকারি প্রা: বি	৪৬১	৪	৯নং ওয়ার্ড	হ্যাঁ
		মনখালী সরকারি প্রা: বি	৪৯৭	৫	৯নং ওয়ার্ড	হ্যাঁ
		রুপপতি সরকারি প্রা: বি	৩২৫	৪	৭নং ওয়ার্ড	না
		সোনাইছড়ি সরকারি প্রা: বি	৬৪৮	৮	২নং ওয়ার্ড	হ্যাঁ
		মাদার বনিয়া সরকারি প্রা: বি	২৮৮	৪	৭নং ওয়ার্ড	না
		লম্বরীপাড়া সরকারি প্রা: বি	২৪৮	৪	২নং ওয়ার্ড	হ্যাঁ
		ডেইলপাড়া সরকারি প্রা: বি	৪৯৮	৬	৪নং ওয়ার্ড	হ্যাঁ
		চাককার্টা আবদু রহমান বদি সরকারি প্রা: বি	১২৫	২	১নং ওয়ার্ড	হ্যাঁ
		পুর্ব প্যানাশিয়া সরকারী: প্রা: বি	২৬১	৪	১নং ওয়ার্ড	না
		মনখালী চাকমা পাড়া সরকারী: প্রা: বি	২৭৪	৪	৯নং ওয়ার্ড	না
	রত্নাপালং প্রাথমিক বিদ্যালয়-১২টি	রত্নাপালং সরকারী প্রা: বিদ্যা:	৪২৭	৯	৯ নং ওয়ার্ড	
		থিমছড়ি সরকারী প্রা: বিদ্যা:	৬৩৫	৭	৩ নং ওয়ার্ড	হ্যাঁ
		ভালুকিয়া সরকারী প্রা: বিদ্যা:	৫২৬	১০	২ নং ওয়ার্ড	হ্যাঁ
		তেলী পাড়া সরকারী প্রা: বিদ্যা:	৩৮২	৯	৭নং ওয়ার্ড	না
		গয়ালমারা সরকারী প্রা:বি	৪৭৪	৮	৬নং ও য়ার্ড	হ্যাঁ
		পূর্ব ভালুকিয়া তুলাতলি সরকারী প্রা: বিদ্যা:	৪১৩	৪	৩নং ওয়ার্ড	না
		কামারিয়ার বিল সরকারী প্রা: বিদ্যা:	৪৫১	৪	৬ নং ওয়ার্ড	না
		প:রত্নাপালং সরকারী প্রা: বিদ্যা:	৩৫০	৪	৯নং ওয়ার্ড	না
		রহুলার ডেবা সরকারী প্রা: বিদ্যা:	২১২	৪	৭নং ওয়ার্ড	না
		দ: রত্না মোজাহের ঘোনা সরকারী প্রা: বিদ্যা:	২৫৯	৪	৭নং ওয়ার্ড	না

বিদ্যালয়/ মাদ্রাসা/কলেজ	ইউনিয়ন	বিদ্যালয়ের নাম	শিক্ষার্থী	শিক্ষক/ শিক্ষিকা	অবস্থান/ ওর্য়াড	আশ্রয় কেন্দ্র হিসাবে ব্যবহার হয় কিনা
		আমতলী সরকারী প্রা: বিদ্যা:	৩৯০	৭	৪নং ওয়ার্ড	না
		করইবণিয়া পাহাড়িকা সরকারি প্রা: বি:	৩২০	৪	৫নং ওয়ার্ড	না
	হলদিয়াপালং প্রাথমিক বিদ্যালয়- ১৫টি	নলবনিয়া সরকারী প্রা: বিদ্যা:	৪৫৮	৯	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		মরিচ্যা সরকারী প্রা: বিদ্যা:	৭৬২	১২	১নং ওয়ার্ড	হ্যাঁ
		রুমখা বড়বিল সরকারী প্রা: বি	৫১৮	৯	৭নং ওয়ার্ড	না
		উ: বড় বিল সরকারী প্রা: বিদ্যা:	৫৮৬	৬	৭নং ওয়ার্ড	না
		পাগলির বিল সরকারী প্রা: বিদ্যা:	৫৫৭	৭	২নং ওয়ার্ড	হ্যাঁ
		গোরাইয়ার দ্বীপ সরকারী প্রা: বিদ্যা:	২১৫	৪	১নং ওয়ার্ড	না
		উত্তর ধুরুমখালী সরকারী প্রা: বিদ্যা:	৪৯৩ জন	৪	৮নং ওয়ার্ড	না
		হাতির ঘোনার সাইরা সরকারী প্রা: বিদ্যা:	২৯২	৪	৭নং ওয়ার্ড	না
		প: হলদিয়া পালং সরকারী প্রা: বিদ্যা:	৪১১	৪	৬নং ওয়ার্ড	না
		হলদিয়া পাতাবাড়ি সরকারী প্রা: বিদ্যা:	৩৭০	৯	৪নং ওয়ার্ড	না
		সাবেখ রুমখা সরকারী প্রা:	৪৫৯	৯	৬ নং ওয়ার্ড	না
		দ: হলদিয়া সরকারী প্রা: বিদ্যা:	২৪৮	৪	৫ নং ওয়ার্ড	না
		মধ্যম হলদিয়া সরকারী প্রা: বিদ্যা:	২৫০	৪	৬নং ওয়ার্ড	না
		রুমখা পালং সরকারী প্রা: বি:	৪৯৭	৯	৯নং ওয়ার্ড	হ্যাঁ
		সালেহা বুলবুল সরকারী প্রা: বি:	২৪১	২	১নং ওয়ার্ড	না
	রাজাপালং প্রাথমিক বিদ্যালয়- ২৫টি	হাতিমোরা সরকারী প্রা: বিদ্যা:	২৯২	৪	৮নং ওয়ার্ড	না
		রাজাপালং সরকারী প্রা: বিদ্যা:	৫৪০	১০	২নং ওয়ার্ড	হ্যাঁ
		উখিয়া মডেল সরকারী প্রা: বিদ্যা:	৯৬২	১৩	৫নং ওয়ার্ড	না
		চাকবৈঠা সরকারী প্রা: বিদ্যা:	৩২৩	৮	৪নং ওয়ার্ড	না
		ডেইল পাড়া সরকারী প্রা: বিদ্যা	৪৯৮	৬	৭নং ওয়ার্ড	হ্যাঁ
		দরগাহ পালং সরকারী প্রা: বিদ্যা:	৩৩২	৫	৮নং ওয়ার্ড	না
		কুতুপালং সরকারী প্রা: বিদ্যা:	৮০৮	৯	৯নং ওয়ার্ড	না
		মধ্য রাজাপালং সরকারী প্রা: বিদ্যা:	২২৪	৮	২নং ওয়ার্ড	না
		দরগাহ বিল সরকারী প্রা: বিদ্যা:	৪১২	৮	৮নং ওয়ার্ড	হ্যাঁ
		উ: পুকুরিয়া সরকারী প্রা: বিদ্যা:	৩৪৫	৭	২নং ওয়ার্ড	হ্যাঁ
		তুতুর বিল সরকারী প্রা: বিদ্যা:	৩৮২	৬	১নং ওয়ার্ড	না
		খয়রাতি সরকারী প্রা: বিদ্যা	২৮৫	৬	৩নং ওয়ার্ড	হ্যাঁ
		হরিণমারা সরকারী প্রা: বিদ্যা:	৪১৯	৬	৩নং ওয়ার্ড	হ্যাঁ
		পাতাবাড়ি সরকারী প্রা: বিদ্যা:	৩৭০	৯	৯নং ওয়ার্ড	না
		ফলিয়া পাড়া সরকারী প্রা: বিদ্যা:	৩৯১	৪	৬নং ওয়ার্ড	না
		সিকদার বিল সরকারী প্রা: বিদ্যা:	২১৩	৪	৫নং ওয়ার্ড	হ্যাঁ
		পূর্ব ডিগলিয়া সরকারী প্রা: বিদ্যা:	২৩৫	৪	৪নং ওয়ার্ড	না
		লম্বা ঘোনা সরকারী প্রা: বিদ্যা:	৩০৮	৪	৮নং ওয়ার্ড	না
		ঘোনার পাড়া শফি সরকারী প্রা: বিদ্যা:	২২৩	৪	৮নং ওয়ার্ড	না
		দোছড়ী পাহড়িকা সরকারী প্রা: বিদ্যা:	৩৮০	৪	৩নং ওয়ার্ড	না
		রেজুরকুল সরকারী প্রা: বিদ্যা:	৩৩৩	৪	১নং ওয়ার্ড	না
		রাজাপালং মোহছেন আলী প্রা: বিদ্যা:	৩১০	৪	৩নং ওয়ার্ড	না

বিদ্যালয়/ মাদ্রাসা/কলেজ	ইউনিয়ন	বিদ্যালয়ের নাম	শিক্ষার্থী	শিক্ষক/ শিক্ষিকা	অবস্থান/ ওর্য়াড	আশ্রয় কেন্দ্র হিসাবে ব্যবহার হয় কিনা
		নতুন পাড়া জে:চৌং সরকারী প্রা: বিদ্যা:	৩৫৫	৪	৬নং ওয়ার্ড	না
		দ:ফলিয়া নুরুল ইসলাম চৌ: সরকারী প্রা: বিদ্যা:	১৯২	২	৬নং ওয়ার্ড	না
		হাঙ্গার ঘোনা অরিবিন্দু বড়ুয়া সরকারী প্রা: বিদ্যা:	১০২	২	৯নং ওয়ার্ড	না
	পালং খালী প্রাথমিক বিদ্যালয়-৮টি	বালুখালী সরকারী প্রা: বিদ্যা:	২৫২	০৮	১ নং ওয়ার্ড	হ্যাঁ
		ফারির বিল সরকারী প্রা: বিদ্যা:	৩৯০	৬	৮ নং ওয়ার্ড	না
		থাইংখালী সরকারী প্রা: বিদ্যা:	৫২৫	৫	৪নং ওয়ার্ড	হ্যাঁ
		রহমতের বিল সরকারী প্রা: বিদ্যা:	৩৩০	৩	৩নং ওয়ার্ড	হ্যাঁ
		আনজুমানপাড়া সরকারী প্রা: বিদ্যা:	৬২০	৪	৯নং ওয়ার্ড	হ্যাঁ
		পালংখালী সরকারী প্রা: বিদ্যা:	৫৯৪	৩	৮নং ওয়ার্ড	হ্যাঁ
		তেলখোলা সরকারী প্রা: বিদ্যা:	৫২১	৪	৬নং ওয়ার্ড	না
		দ: বালুখালী লতিফুন্নছা সরকারী প্রা: বিদ্যা:	২২৬	৪	১নং ওয়ার্ড	হ্যাঁ
বেসরকারী প্রতিষ্ঠান-৪৩ ১। কলেজ-৩ ২। মাধ্যমিক বিদ্যালয়-১২ ৩। মাদ্রাসা-১৩ ৪। কেজি স্কুল-১৬	জালিয়াপালং ৮টি মাধ্যমিক বিদ্যালয়-২টি নিম্ন-মাধ্যমিক-১টি মাদ্রাসা-২টি কেজি-৩টি	সোনাপাড়া উচ্চ বিদ্যালয়	৯৩০	১৭	৩ নং ওয়ার্ড	হ্যাঁ
		জালিয়া পালং উচ্চ বিদ্যালয়	২৭০	৭	২নং ওয়ার্ড	না
		উপকুলীয় নিম্ম-মাধ্যমিক বিদ্যালয়	১১০	৫	৯ নং ওয়ার্ড	না
		সানবাইজ কিন্ডার গার্টেন	২০০	১০	৩ নং ওয়ার্ড	না
		ইনানী কিন্ডার গার্টেন কিন্ডার গার্টেন	১৪০	৬	৬ নং ওয়ার্ড	না
		মো: সফির বিল সী-বাট	৪৪	৬	৭ নং ওয়ার্ড	না
		সোনারপাড়া দাখিল মাদ্রাসা	৬৭০	১৩	৩নং ওয়ার্ড	না
		আয়েশা সিদ্দিকা বালিকা দাখিল মাদ্রাসা	১৩০	১০	২নং ওয়ার্ড	না
	রত্নাপালং -৬টি মাধ্যমিক বিদ্যালয়-২টি নিম্ন-মাধ্যমিক-নাই মাদ্রাসা-২টি কেজি-২টি	ভালুকিয়া পালং আদর্শ উচ্চ বিদ্যালয়	৮৫০	২১	২নং ওয়ার্ড	না
		পালং আদর্শ উচ্চ বিদ্যালয়	১১৫০	১৯	৮নং ওয়ার্ড	না
		আলহাজ্ব হাকিম আলী চৌং কেজি স্কুল	২৭০	৯	৯নং ওয়ার্ড	না
		কোট বাজার আইডিয়াল কেজি স্কুল	১৫০	৫	১নং ওয়ার্ড	না
		গয়ালমারা দাখিল মাদরাসা	৫৫৪	১৪	৬ নং ওয়ার্ড	না
		ফাতেমাতুজ্জাহরা (রা) দাখিল মাদরাসা	২৭০	১৫	১নং ওয়ার্ড	না
	হলদিয়াপালং - ১০টি মাধ্যমিক বিদ্যালয়-২টি নিম্ন-মাধ্যমিক-২ মাদ্রাসা-২টি কেজি-৪টি	মরিচ্যা পালর্ং উচ্চ বিদ্যালয়	৯৯৫	১৯	১নং ওয়ার্ড	না
		মুক্তিযুদ্বা স্মৃতি বালিকা উচ্চ বিদ্যালয়	৪৫৫	১০	৮নং ওয়ার্ড	না
		হিলটপ বালিকা নিম্ম মাধ্যমিক বিদ্যালয়	১৩০	৫	৭নং ওয়ার্ড	না
		এসবিসিবি চৌং নিম্ম মাধ্যমিক বিদ্যালয়			৬ নং ওয়ার্ড	না
		হিলটপ কেজি এন্ড ক্যাডেট স্কুল	১০০	৭	৭নং ওয়ার্ড	না
		ক্যাপটেন আবদুচ সোবাহান কেজি স্কুল	৭৫	৮	১নং ওয়ার্ড	না
		পালং পাবলিক কেজি স্কুল	১৭৮	৫	৯নং ওয়ার্ড	না
		মরিচ্যা মডেল কেজি স্কুল	৫৫	৫	৯নং ওয়ার্ড	না

বিদ্যালয়/ মাদ্রাসা/কলেজ	ইউনিয়ন	বিদ্যালয়ের নাম	শিক্ষার্থী	শিক্ষক/ শিক্ষিকা	অবস্থান/ ওর্য়াড	আশ্রয় কেন্দ্র হিসাবে ব্যবহার হয় কিনা
		রুমখা আলিম মাদরাসা	৮৮৯	১৯	৯নং ওয়ার্ড	না
		উম্মে সালমা(র:)বালিকা দাখিল মাদ্রাসা	৪৬৮	১০	১ নং ওয়ার্ড	না
	রাজাপালং - ১৫টি কলেজ-৩টি মাধ্যমিক বিদ্যালয়-৩টি নিম্ন-মাধ্যমিক-১টি মাদ্রাসা-৪টি কেজি-৪টি	কুতুপালং উচ্চ বিদ্যালয়	৯০০	১৫	৯নং ওয়ার্ড	না
		রাজাপালং এ,কে,সি উচ্চ বিদ্যালয়	১০৩০	১৬	২নং ওয়ার্ড	হ্যাঁ
		উখিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়	১৪০০	২০	৫নং ওয়ার্ড	না
		নুরুল ইসলাম চৌং উচ্চ বিদ্যালয়			৬নং ওয়ার্ড	না
		উখিয়া গালর্স স্কুল এন্ড কলেজ	৪০০	১৩	২ নং ওয়ার্ড	না
		ডেইল পাড়া নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়	১৫২	৫	৭নং ওয়ার্ড	না
		উখিয়া কেজি স্কুল	১৯০	৮	৬নং ওয়ার্ড	না
		গ্রীণ বার্ট কেজি স্কুল	২৫০	৯	৬নং ওয়ার্ড	না
		ইউনিক কিন্ডার গার্ডেন	৭৫	৭	১নং ওয়ার্ড	না
		কথাকলি কিন্ডার গার্ডেন	৮৫	৬	৫নং ওয়ার্ড	না
		রাজাপালং এমদাদূল উলুম ফাজিল মাদরাসা	৮৫০	২৫	২নং ওয়ার্ড	না
		হামেদিয়া দারুচছুন্নাহ দাখিল মাদ্রাসা	৫৮০	১৬	৭নং ওয়ার্ড	না
		রাজাপালং এম ইউ ফাজিল মাদ্রাসা	৯৮৫	২৬	২নং ওয়ার্ড	না
		বাইতুশ শরফ বালিকা মাদ্রাসা	৪৫০	১৪	২নং ওয়ার্ড	হ্যাঁ
		উখিয়া ডিগ্রী কলেজ	১২০০	৩০	৯নং ওয়ার্ড	না
		বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব কলেজ	৭৫০	১৮	৫নং ওয়ার্ড	না
		পালংখালী উচ্চ বিদ্যালয়	৬৯৫	৮	৮নং ওয়ার্ড	না
	পালংখালী - ৯টি মাধ্যমিক বিদ্যালয়-৩টি নিম্ন-মাধ্যমিক-নাই মাদ্রাসা-৩টি কেজি-৩টি	বালুখালী উচ্চ বিদ্যালয়	৩৫৯	৯	১ নং ওয়ার্ড	না
		থাইংখালী উচ্চ বিদ্যালয়	৪৩৯	৯	৪নং ওয়ার্ড	না
		হলি চাইল্ড একাডেমি থাইংখালী স্কুল	২৫০	৭	৪ নং ওয়ার্ড	না
		বালুখালী কেজি স্কুল	১৩৫	৬	১নং ওয়ার্ড	না
		বালুখালী আইডিয়াল কেজি স্কুল	১৪২	৮	১ নং ওয়ার্ড	না
		ফারির বিল আলিম মাদ্রাসা	৮৫০	১৪	৮নং ওয়ার্ড	হা
		থাইংখালী দাখিল মাদ্রাসা	৪২৫	১২	৫নং ওয়ার্ড	না
		রহমতের বিল দাখিল মাদ্রাসা	৪৬৫	১৩	৩নং ওয়ার্ড	হা

(তথ্যসূত্র উপজেলা ও ইউনিয়ন শিক্ষা বিভাগ)

ধর্মীয় প্রতিষ্ঠানঃ উখিয়া উপজেলাটি মুসলিম অধ্যুসিত এলাকা হলেও এখানে অন্যান্য ধর্মালম্বী যেমন হিন্দু ও বৌদ্ধ সম্প্রদায়ের জনগণ একেবারে নগন্য নয়। ধর্মীয় সংখ্যা গরিষ্টতার কারণে আনুপাতিক হারে এখানে মসজিদের সংখ্যা বেশী। উপজেলায় মোট ৩৮৮ ধর্মীয় প্রতিষ্ঠান রয়েছে। নিম্নে এক নজরে ধর্মীয় প্রতিষ্ঠানের তালিকা ও তথ্য প্রদান করা হলোঃ

- মসজিদ ঃ ৩৮৮টি
- মন্দির ঃ ১৯টি
- গীর্জা ঃ নেই
- বৌদ্ধ মন্দির ঃ ৩৫টি

ক্রমিক নং	কোন ইউনিয়নের কোন ওয়ার্ডে অবস্থিত	কয়টি
০১.	জালিয়াপালং ইউনিয়ন : ১-৯ নং ওয়ার্ড প্রতি ওয়ার্ডে মসজিদ আছে এবং ১, ৮ নং ও ৯ নং ওয়ার্ডে ক্যায়াংআছে।	মসজিদ- ৯০টি ক্যায়াং- ৩টি
০২.	রত্নাপালং ইউনিয়ন : ১-৯ নং ওয়ার্ড প্রতি ওয়ার্ডে মসজিদ আছে এবং১, ২, ৪ নং ৮ ও নং ওয়ার্ডে ক্যায়াংআছে।	মসজিদ-৫০টি মন্দির- নাই ক্যায়াং- ৯টি
০৩.	হলদিয়া ইউনিয়ন : ১-৯ নং ওয়ার্ডে প্রতি ওয়ার্ডে মসজিদ আছে , ৮ নং ওয়ার্ডে মন্দির এবং ১, ৩, ৫, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে ক্যায়াং আছে।	মসজিদ- ৭৯টি মন্দির-৯ টি ক্যায়াং-১২টি
০৪.	রাজাপালং ইউনিয়ন : ১-৯ নং ওয়ার্ড প্রতি ওয়ার্ডে মসজিদ আছে , ২, ৩, ৬ ও ৯ নং ওয়ার্ডে মন্দির] এবং ১, ৩, ৬ নং ও ৯ নং ওয়ার্ডে ক্যায়াং আছে।	মসজিদ- ৯৯টি মন্দির-৭ টি ক্যায়াং-৯ টি
০৫.	পালংখালী ইউনিয়ন : ১-৯ নং ওয়ার্ড প্রতি ওয়ার্ডে মসজিদ আছে, ১ ও ৭ নং ওয়ার্ডে মন্দির এবং ৬ নং ওয়ার্ডে ক্যায়াং আছে।	মসজিদ-৭০টি মন্দির- ৩টি ক্যায়াং-২ টি

সরকারী ও বেসরকারী স্বাস্থ্যকেন্দ্র, ক্লিনিকসহ অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্র কয়টিঃ ২৬টি

স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান	কোথায় অবস্থিত	ডাক্তার, নার্স কতজন ও তাদের অভিজ্ঞতা ও দক্ষতা	সেবার মান	খরচ কেমন
উপজেলা স্বাস্থ্য: প: প: কমপ্লেক্স	প: সিকদার বিল, ৫ নং ওয়ার্ডে	ইউ এইচ এন্ড এফ, ও - ১ আরএম ও - ০০ জুনি : কন: (সার্জারী- ০০ জুনি : কন: (গাইনী) - ০০ এম ও - ০০ জুনি : কন: (মেডি সিন)-০০ জুনি : কন:(এ্যানেসথেসিয়া)-০০ ডেন্টাল সার্জন - ১ এম টি (ল্যাব) - ১ এম টি (ডেন্টাল) - ১ এম টি (রেডিও)-০০ এম টি(এস,আই)-১ এমটি (ই পি আই)-১ ফার্মাসিষ্ট - ১ চিকিৎসা সহকারী-০০ এস এস নার্স - ২ সহকারী নার্স-০০ স্বাস্থ্য পরিদশক -১ সহকারীস্বাস্থ্য পরিদশক -৬ স্বাস্থ্য সহকারী -১৯ টি এল সি এ -০০ হারবাল সহকারী - ১ এম এল এস এস - ১ ওয়ার্ড বয় - ১	উখিয়া উপজেলায় ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল । এই উপজেলা হাসপাতালে স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা দেওয়া হয় । যেমন:- ইপিআই সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা , আউট ডুর সেবা, মাতৃসেবা বাউচার স্কিম, জরুরী বিভাগে সকল চিকিৎসা দেওয়া হয। উপজেলায় জনগন যারা মোটামুটি স্বচ্ছল তারা চট্টগ্রাম শহওে বা জেলা সদরেই চিকিৎসা নিয়ে থাকে ।	আউট ডোরে টিকেটের মাধ্যমে ১০ টাকা নিয়ে প্রতিদিন রোগী দেখে ডাক্তাররা এছাড়া প্যাথলজি ও ওটিতে সরকারী নিয়ম অনুযায়ী চার্জ নেওয়া হয় ।
উপজেলা পরিবার-পরিকল্পনা কেন্দ্র	প: সিকদার বিল, ৫ নং ওয়ার্ডে	উপজেলা প:প:কর্মকর্তা-১ এম সি এইস্এফ পি -০০ ইউ এফ পি এ - ২	মা ও শিশু স্বাস্থ্য সেবা, সকল প্রকার প্রাথমিক চিকিৎসা সেবা,প:প: সেবা, সল্পমেয়াদী	বিনামূল্যে

স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান	কোথায় অবস্থিত	ডাক্তার, নার্স কতজন ও তাদের অভিজ্ঞতা ও দক্ষতা	সেবার মান	খরচ কেমন
		এম এল এস এস - ১ এফ ডাব্লউ ভি ২	পদ্বতি,দীর্ঘমেয়াদী পদ্বতি ও স্থায়ী পদ্বতি	
ইউনিয়ন প: প: কেন্দ্র-৪টি	জালিয়াপালং-৯ নং ওয়ার্ড/ রত্নাপালং-৪ নং ওয়ার্ড / হলদিয়া-১ নং ওয়ার্ড / পালংখালী-৫ নং ওয়ার্ড	এস,এ,সি,এম,ও-০০ এফ,ডব্লিউ,ভি-১জন, এফ,ডব্লিউ,এ-০০	মাও শিশু স্বাস্থ্য সেবা, সাধারন রোগী সেবা, কিশুর কিশুরী স্বাস্থ্য সেবা,প: প: সেবা,	বিনা মূল্যে
ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্র-৪টি	জালিয়াপালং-৬ নং ওয়ার্ড/ রত্নাপালং-৪ নং ওয়ার্ড / হলদিয়া-১ নং ওয়ার্ড / পালংখালী-১ নং ওয়ার্ড	এম,ও - ০০ এস,এ,সিএম,ও -১ ফার্মাসিষ্ট-০০ এম,এল,এস,এস-০০	স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (ইপি আই , প: প: সেবা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা)	বিনা মূল্যে
কমিউনিটি ক্লিনিটি-১৬টি	জালিয়াপালং ইউনিয়ন : ১ নং ওয়ার্ড, ৩নং ওয়ার্ড , ৯নং ওয়ার্ড রত্নাপালংইউনিয়ন: -৯ নং ওয়ার্ড, ৭নং ওয়ার্ড, ১নং ওয়ার্ড / হলদিয়া ইউনিয়ন- ২ নং ওয়ার্ড, ৬নং ওয়ার্ড, ৮নং ওয়ার্ড রাজাপালং ইউনিয়ন: ২নং ওয়ার্ড, ৪নং ওয়ার্ড, ৬ নং ওয়ার্ড,৮নং ওয়ার্ড, ৯ নং ওয়ার্ড পালংখালী ইউনিয়ন: ৮নং ওয়ার্ড ।		স্বাস্থ্য সংক্রান্ত সকল সেবা (ইপি আই , প: প: সেবা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা)	বিনা মূল্যে

ব্যাংক ঃ যেহেতু উখিয়া উপজেলা সদর কক্সবাজার জেলা সদর থেকে মাত্র ৩০ কিলোমিটার, এলাকার লোকজন ইচ্ছা করলে সরাসরি কক্সবাজার সদর উপজেলায় ব্যাকিং করতে পারে । তারপর উখিয়া সদর উপজেলা ব্যতীত ইউনিয়ন পর্যায়ের বড় বাজারগুলোতে বিভিন্ন সরকারী ও বেসকারী ব্যাংক প্রতিষ্ঠান গড়ে উঠেছে । এই উপজেলায় মোট ৭ টি ব্যাংক রয়েছে । ব্যাংকগুলো ভাল সার্ভিস প্রদান করছে । নিচে ব্যাংকগুলো পূর্ণাঙ্গ তথ্য প্রদান করা হলোঃ

ক্র/নং	ব্যাংকের নাম	কোথায় অবস্থিত	সেবার ধরণ
০১.	ইসলামী ব্যাংক বাংলাদেশ লি:	রত্নাপালং ইউনিয়ন- ৯নং ওয়ার্ড	অমানত সংগ্রহ, ডিপিএস ও সহজ শর্তে ক্ষুদ্র ঋণ বিতরন,আমানত সংরক্ষণ ।
০২.	রুপালী ব্যাংক লি:	রত্নাপালং ইউনিয়ন-৯নং ওয়ার্ড	আমানত রাখা, ডিপিএস, সহজ শর্তে ঋণ বিতরন, বেসরকারী কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা প্রদান ও ট্রেজারী সংক্রান্ত হিসাব
০৩.	ফাষ্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি:	রত্নাপালং ইউনিয়ন- ৯ নং ওয়ার্ড	অমানত সংগ্রহ, ডিপিএস ও সহজ শর্তে ক্ষুদ্র ঋণ বিতরন,আমানত সংরক্ষণ ।

ক্র/নং	ব্যাংকের নাম	কোথায় অবস্থিত	সেবার ধরণ
০৪.	অগ্রনী ব্যাংক লিমিটেড	হলদিয়াপালং- ১ নং ওয়াডে বাজার উপর	টাকা আমানত রাখা, ডিপিএস, সহজ শর্তে ঋণ বিতরন, সরকারী/বেসরকারী কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা প্রদান করা ।
০৫.	বাংলাদেশ কৃষি ব্যংক	রাজাপালং- ৬ নং ওয়ার্ড	কৃষি খাতে সহজ শর্তে ঋণ বিতরন , সরাকরী ভাতা বিতরন ও টাকা আমানত রাখা
০৬.	সোনালী ব্যংক	রাজাপালং - ৬ নং ওয়ার্ড	সহজ শর্তে ঋণ বিতরন , সরাকরী ভাতা বিতরন ও টাকা আমানত রাখা
০৭.	পূবালী ব্যাংক	রাজাপালং - ৬ নং ওয়ার্ড	সহজ শর্তে ঋণ বিতরন , সরাকরী ভাতা বিতরন,বিদ্যুত বিল গ্রহন ও টাকা আমানত রাখা

পোষ্ট অফিসঃ উপজেলায় পোষ্ট আফিস ১টি ও ৫ টি এক্সট্রা অডিনারি ব্রাঞ্চ অফিস সহ মোট ৬টি

পোস্ট অফিসের নাম	কোথায় অবস্থিত	সেবার ধরণ	সেবার মান
ইনানী পোষ্ট অফিস	জালিয়াপালং ৩ নং ওয়ার্ড	দৈনিক নিয়মিত চিঠি-পত্র আদান-প্রদান, মানিঅর্ডার সুবিধা, ডাক বীমা, সঞ্চয় স্কীম, ইত্যাদি	ভাল
চাকবৈঠা পোষ্ট অফিস	রত্নাপালং ইউনিয়ন ৫ নং ওয়ার্ড	দৈনিক নিয়মিত চিঠি-পত্র আদান-প্রদান, মানিঅর্ডার সুবিধা, ডাক বীমা, সঞ্চয় স্কীম, ইত্যাদি	ভাল
রত্নাপালং পোষ্ট অফিস	রত্নাপালং ইউনিয়ন-	দৈনিক নিয়মিত চিঠি-পত্র আদান-প্রদান, মানিঅর্ডার সুবিধা, ডাক বীমা, সঞ্চয় স্কীম, ইত্যাদি	ভাল
মরিচ্যা পোষ্ট অফিস	হলদিয়াপালং ১ নং ওয়ার্ড	দৈনিক নিয়মিত চিঠি-পত্র আদান-প্রদান, মানিঅর্ডার সুবিধা, ডাক বীমা, সঞ্চয় স্কীম, ইত্যাদি	ভাল
উখিয়া পোষ্ট অফিস	রাজাপালং ৬ নং ওয়ার্ড	দৈনিক নিয়মিত চিঠি-পত্র আদান-প্রদান, মানিঅর্ডার সুবিধা, ডাক বীমা, সঞ্চয় স্কীম, ইত্যাদি	ভাল
বালুখালী পোষ্ট অফিস	পালংখালী ১নং ওয়ার্ড	দৈনিক নিয়মিত চিঠি-পত্র আদান-প্রদান, মানিঅর্ডার সুবিধা, ডাক বীমা, সঞ্চয় স্কীম, ইত্যাদি	ভাল

ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র ঃ

উপজেলায় মোট ১৭টি বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান রয়েছে যেগুলো বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও আপদকালীন মুর্হুতে সাধারণ জনগণের কল্যানার্থে সহযোগিতা করে থাকে । প্রতিটি ক্লাব/প্রতিষ্ঠানগুলো সমাজ সেবার অধীনে রেজিষ্ট্রি ভূক্ত । নিম্নে এক নজরে ক্লাব বা সাংস্কুতক কেন্দ্রের সংখ্যা বিস্তারিত তথ্য প্রদান করা হলো ঃ

ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্রের নাম	কোথায় অবস্থিত	কাজের ধরণ	কোন সমাজসেবা বা উন্নয়নমূলক কাজে সহায়তা করে কিনা
সূযোদয় সংঘ	রত্না পালং, উখিয়া, কক্সবাজার	জাতীয় দিবস পালন বৃক্ষ রোপন, হাঁস মুরগী ও গরু-ছাগল পালন, গরীব দুস্থ:দের সাহায্য এবং বিভিন্ন খেলায় অংশগ্রহণ	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
শৈলের ঢেবা আদর্শ তরুণ সংঘ	শৈলের ঢেবা, উখিয়া, কক্সবাজার	জাতীয় দিবস পালন মৎস্য চাষ , বৃক্ষ রোপন গরীব দুস্থ: দের সাহায্য বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
যুব কল্যান কেন্দ্র	পালংখালী , উখিয়া,কক্সবাজার	বৃক্ষ রোপন, গরীব দুস্থ: দের সাহায্য বিভিন্ন খেলায় অংশগ্রহন ধর্মসভা করা	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
বালুখালী নবারুন সংস্থা	পালংখালী , উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন, মৎস্য চাষ, বৃক্ষ রোপন, গরীব দুস্থ: দের সাহায্য, বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা ও বয়স্ক শিক্ষা কেন্দ্র পরিচালনা ।
জালিয়াপালং রিক্সা চালক ও মালিক কল্যান	জালিয়াপালং, উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন, মৎস্য চাষ, বৃক্ষ রোপন, গরীব দুস্থ: দের সাহায্য, বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা

ক্লাব বা সাংস্কৃতিক কেন্দ্রের নাম	কোথায় অবস্থিত	কাজের ধরণ	কোন সমাজসেবা বা উন্নয়নমূলক কাজে সহায়তা করে কিনা
সমিতি			
সোনাপাড়া সমাজ কল্যান সমিতি	জালিয়াপালং, উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন, মৎস্য চাষ, বৃক্ষ রোপন, গরীব দুস্থ: দের সাহায্য, বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
বুদ্রেজ্যাতি সাবজনীন কল্যান সংস্থা ধর্মংকর বিহার	রাজাপালং, উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন, বৃক্ষ রোপন, হাঁস মুরগী ও গরু-ছাগল পালন, গরীব দুস্থ:দের সাহায্য এবং বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা ও বয়স্ক শিক্ষা কেন্দ্র পরিচালনা ।
কেন্দ্রীয় ফেমাস সংসদ	রাজাপালং, উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন, বৃক্ষ রোপন, হাঁস মুরগী ও গরু-ছাগল পালন, গরীব দুস্থ:দের সাহায্য এবং বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
আল ইখওয়ান সংসদ	জালিয়াপালং, উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন বৃক্ষ রোপন, হাঁস মুরগী ও গরু-ছাগল পালন, গরীব দুস্থ:দের সাহায্য এবং বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
বালুখালী আদর্শ ইয়ং স্টার ক্লাব	পালংখালী , উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন মৎস্য চাষ , বৃক্ষ রোপন গরীব দুস্থ: দের সাহায্য বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
মাদারবনিয়া উপজাতীয় সংস্থা	জালিয়াপালং, উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন মৎস্য চাষ, বৃক্ষ রোপন গরীব দুস্থ: দের সাহায্য বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
অফিসার্স কল্যাণ ক্লাব	রাজাপালং, উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন মৎস্য চাষ , বৃক্ষ রোপন গরীব দুস্থ: দের সাহায্য বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
উপজেলা রোগী কল্যাণ সমিতি	রাজাপালং, উখিয়া,কক্সবাজার	জাতীয় দিবস পালন মৎস্য চাষ , বৃক্ষ রোপন গরীব দুস্থ: দের সাহায্য বিভিন্ন খেলায় অংশগ্রহন	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা
একতা শ্রমিক কল্যাণ সমিতি	পালংখালী , উখিয়া,কক্সবাজার	বৃক্ষ রোপন, গরীব দুস্থ: দের সাহায্য বিভিন্ন খেলায় অংশগ্রহন ধর্মসভা করা	বৃক্ষ রোপন, গরীব দুস্থ:দের সাহায্য করা ও বয়স্ক শিক্ষা কেন্দ্র পরিচালনা ।

বন বিট অপিসঃ ০৯টি ।

নাম	কোথায় অবস্থিত
জালিয়াপালং ইউনিয়নে বন বিট অফিস-৩টি	২নং ওয়ার্ড-১টি, ৬নং ওয়াড-১টি,৯নং ওয়াড-১টি
রত্নাপালং ইউনিয়নে বন বিট অফিস-১টি	৪ নং ওয়ার্ড-১টি
হলদিয়াপালং ইউনিয়নে বন বিট অফিস-১টি	৬ নং ওয়ার্ড-১টি
রাজাপালং ইউনিয়নে বন বিট অফিস-৪টি	১নং ওয়ার্ড-১টি,৩নং ওয়ার্ড-১টি ও ৫নং ওয়ার্ড-২টি

(তথ্যসূত্র উপজেলা বন বিভাগ)

এনজিও/সেচ্ছাসেবী সংস্থা ঃ

এই উপজেলায় বেশ কয়েকটি জাতীয় ও আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান কাজ করছে। বিশেষভাবে উখিয়া এলাকা কুতুবপালং রোহিঙ্গা শরণার্থী ক্যাম্পে অনেকগুলো এনজিও স্বাস্থ্য, শিক্ষা ও অন্যান্য সেবামূলক কার্যক্রম পরিচালনা করছে। মোট ১৫ স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের এনজিও উন্নয়নমূলখ কার্যক্রম পরিচালনা করছে এই ্উপজেলায়। দুর্যোগ প্রশমন, জলবায়ু পরিবর্তন, ক্ষুদ্রঋণ কার্যকম, শিক্ষা, স্বাস্থ্য, বনায়ন, সার্বিক সচেতনতাসহ বিভিন্ন অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা করছে। নিম্বের এনজিও/স্বেচ্ছাসেবী সংস্থা সমুহের বিস্তারিত বিবরণ প্রদান করা হলোঃ

ক্র/নং	এনজিও	কি বিষয়ে কাজ করে	উপকারভোগী সংখ্যা	প্রকল্প মেয়াদকাল
১	বিজিএস	মাইক্রো-ক্রেডিট	২৪০২ জন	চলমান
		সিডিএমপি(দুযোগ বিষয়)	৫ টি ইউনিয়ন	জুলাই-১৩-আগষ্ট ১৪
২	ঘরনী	ম্যালেরিয়া রোগ প্রতিরোধ	১৯৬জন	২০১৪-২০১৫
৩	ব্যুরো বাংলাদেশ	খুদ্র ঋণ প্রকল্প ও মানি ট্রান্সফার	১২৩০জন	চলমান

ক্র/নং	এনজিও	কি বিষয়ে কাজ করে	উপকারভোগী সংখ্যা	প্রকল্প মেয়াদকাল
৪	এস ডি আই	খুদ্র ঋণ প্রকল্প	১৩১০জন	চলমান
৫	গ্রামীণ ব্যাংক	খুদ্র ঋণ প্রকল্প	১৯৭০জন	চলমান
৬	আশা	খুদ্র ঋণ প্রকল্প,শিক্ষা ও স্বাস্থ্য	৫৬০০জন	চলমান
৭	কোডেক	শিক্ষা	২৯০০জন	২০১৪
		শিশু রক্ষা প্রকল্প	৬০০০জন	মার্চ-২০১৪
৮	আরটিএমআই	শরনার্থী ক্যাম্পে স্বাস্থ্য বিষয়ক কাজ	১৩০০০জন	২০১১-২০১৬
৯	কোষ্ট	খুদ্র ঋণ প্রকল্প	২২৫০জন	চলমান
		প্রি-প্রাইমারি	৪২০জন	২০১৩-২০১৪
১০	শেড	ইনানী রক্ষিত বনাঞ্চল সহ ব্যবস্থাপনা প্রকল্প	১৫৬০জন	২০০৯ -২০১৪
		সোহাদ্য (দুযোগ ঝুঁকি,প্রশমন ও জলবায়ু পরির্বতন	৭৯৯৩ জন	২০১০ হতে ২০১৫ সাল পর্যন্ত
১০	হেলপ কক্সবাজার	আইজিএ	২৪৫ জন	চলমান
		আনন্দ স্কুল	৮৭০জন	২০১৪
		বন্দু চুলা	২৪৪০জন	চলমান
		পারিবারিক সহিংসতা প্রতিরোধ	২২৪০জন	চলমান
		নারী -শিশু পাচার ও নির্যাতন প্রতিরোধ	১২০০জন	চলমান
		ভিজিডি	২৪২৪ জন	২০১৩-২০১৪
		যুর উন্নয়ন ও যুব নেটওয়ার্কিং	৩৬জন	চলমান
১১	আইডিএফ	খুদ্র ঋণ প্রকল্প	২৩০০জন	চলমান
		সৌর বিদ্যুৎ	৪৯৮জন	চলমান
১২	ব্র্যাক	ঋণ প্রকল্প	৭৫০০জন	চলমান
		এইচ,এন,পি পি	৫০০জন	চলমান
		ভিপিএস	৬৫০জন	চলমান
		সিফোডি	৫ টি ইউনিয়ন	চলমান
		এইচআরএলএস	৫ টি ইউনিয়ন	চলমান
		এস,ডি	৫ টি ইউনিয়ন	চলমান
		জি পি পি	১৫২৪জন	চলমান
		এ ডি পি	৪৫০জন	চলমান
		ওয়াশ	২১০০জন	২০১০-২০১৬
১৩	ভার্ক	শিক্ষা ও পুষ্টি নিয়ে শরনার্থী ক্যাম্পে কাজ	৩০০০জন	২০১২-২০১৪
১৪	এসএআরপিভি	রিকেডস রোগ,মুগল পা, ঠোট কাটা	রাজাপালং/পালংখালী ইউনিয়ন সমগ্র ওয়ার্ড	চলমান
১৫	মুসলিম এইড	স্কুল ফিডিং	৩১২১৫জন	২০১৩-২০১৬

খেলার মাঠঃ

কয়টি	খেলার মাঠের নাম	কোথায় অবস্থিত	দুর্যোগের সময় কোন কাজে লাগে কিনা	কিভাবে
৫টি	সোনাইছড়ী খেলার মাঠ সোনারপাড়া উচ্চ বি: মাঠ নিদানিয়া সৈকত মাঠ বাদামতলী এবতেদায়ী মাদ্রাসা মাঠ নিদানিয়া স:প্রা:বি মাঠ	জালিয়াপালং ইউনিয়ন:- ২নং ওয়ার্ড : ১টি ৩নং ওয়ার্ড:১টি ৪ নং ওয়ার্ড:৩টি	ত্রান বিতরন করার কাজে ব্যবহার করা হয়েছে	দুর্যোগের সময় পশু ও মালামাল রাখার কাজে, দুযোর্গ পরবর্তীতে ত্রান বিতরণের কাজে ব্যবহার করা হয়
২টি	ভালুকিয়া স:প্রা: স্কুলের মাঠ পালং আদর্শ উচ্চ বি: খেলার মাঠ	রত্নাপালং ইউনিয়ন:- ২নং ওয়ার্ড : ১টি ৮নং ওয়ার্ড:১টি	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা কাজে লাগিয়েছে	দুর্যোগের সময় পশু ও মালামাল রাখাএবং দুযোর্গ পরবর্তী ত্রাণ বিতরণের কাজে ব্যবহার করা হয় ।

কয়টি	খেলার মাঠের নাম	কোথায় অবস্থিত	দুর্যোগের সময় কোন কাজে লাগে কিনা	কিভাবে
৯টি	মরিচ্যা পালং উচ্চ বিদ্যালয় মাঠ চন্ডবানিয়া খেলার মাঠ গোরাইয়ার দ্বীপ সরকারী প্রা: বিদ্যা: মাঠ উ: বড়বিল স: প্রা: বি: মাঠ পাতাবাড়ি স: প্রা: বি: মাঠ নলবনিয়া স: প্রা: বি: মাঠ হিলটস স:প্রা: মাঠ চন্দ্রবনিয়া খেলার মাঠ চৌধুরী পাড়া স: প্রা: বি মাঠ	হলদিয়াপালং ইউনিয়ন:- ১নং ওয়ার্ড : ২টি ২নং ওয়ার্ড:১টি ৩ নং ওয়ার্ড:১টি ৪নং ওয়ার্ড:১টি ৫নং ওয়ার্ড:১টি ৬নং ওয়ার্ড:১টি ৮নং ওয়ার্ড:১টি ৯নং ওয়ার্ড:১টি	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা কাজে লাগিয়েছে	দুর্যোগের সময় পশু ও মালামাল রাখার কাজে, দুযোর্গ পরবর্তীতে ত্রান বিতরণের কাজে ব্যবহার করা হয়
৬টি	দরগাহ পালং সরকারী প্রা: বিদ্যা: মাঠ, উখিয়া উচ্চ বি: মাঠ, উখিয়া ডিগ্রী কলেজ মাঠ, উখিয়া মডেল সরকারী প্রা: বিদ্যা: মাঠ, রাজাপালং এ,কে,সি উচ্চবিদ্যালয়, উখিয়া পাতাবাড়ি খেলার মাঠ	রাজাপালং ইউনিয়ন: ২ নং ওয়ার্ড-১ টি ৫ নং ওয়ার্ড-১ টি ৬ নং ওয়ার্ড-১ টি ৮ নং ওয়ার্ড-২ টি ৯ নং ওয়ার্ড-১ টি	ত্রাণ বিতরন করার কাজে ব্যবহার করা হয়েছে	দুর্যোগের সময় পশু ও মালামাল রাখার কাজে, দুযোর্গ পরবর্তীতে ত্রান বিতরণের কাজে ব্যবহার করা হয়
৩টি	থেইং খালী উচ্চ বি: মাঠ বালুখালী উচ্চ বি: মাঠ পালংখালী উচ্চ বি: মাঠ	পালংখালী ইউনিয়ন: ১ নং ওয়ার্ড-১ টি ৪ নং ওয়ার্ড-১ টি ৮ নং ওয়ার্ড-১ টি	ত্রাণ বিতরণ করার কাজে ব্যবহার করা কাজে লাগিয়েছে	দুর্যোগের সময় পশু ও মালামাল রাখার কাজে, দুযোর্গ পরবর্তীতে ত্রান বিতরণের কাজে ব্যবহার করা হয়

কবরস্থান/শ্মশানঘাটঃ

মোট ২০৩ এর মধ্যে ১৭৫টি করবস্থান, ৯টি হিন্দু শ্মশান ও ১৯টি বৌদ্ধ শ্মশানঃ

ক্রমিক নং	কবরস্থান/শ্মশানঘাটের সংখ্যা	কোথায় অবস্থিত	বন্যা লেভেলের উপরে কিনা
০১.	কবরস্থান-৩০ টি হিন্দু শ্মাশান- নাই বৌদ্ব শ্মাশান- ৩টি	জালিয়াপালং ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডে ৩০ টি কবরস্থান, ১, ৭ ,৮নং ওয়ার্ডে বৌদ্ধ শ্মাশানঘাট ৩টি	বন্যা বা জলাবদ্ধতার সৃষ্ট পানির লেভেল এর উপরে অবস্থিত ।
০২.	কবরস্থান- ২৯টি হিন্দু শ্মাশান- নাই বৌদ্ব শ্মাশান- ১টি	রত্নাপালং ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডে২৯টি কবরস্থান আছে. ১নং ওয়ার্ড বৌদ্ধ শ্মাশানঘাট-১ টি	বন্যা বা জলাবদ্ধতার সৃষ্ট পানির লেভেল এর উপরে অবস্থিত ।
০৩.	কবরস্থান- ৪১টি হিন্দু শ্মাশান-২টি বৌদ্ব শ্মাশান-৮টি	হলদিয়াপালং ইউনিয়নের ১-৯ নংওয়ার্ডে-৪১ টি কবরস্থান আছ. ৮,৯ নং ওয়ার্ড হিন্দু শ্মাশানঘাট ২ টি এবং ১,২,৪,৫,৬৭,৮ ও ৯ নং ওয়ার্ড বৌদ্ধ শ্মাশান ঘাট-৮ টি	বন্যা বা জলাবদ্ধতার সৃষ্ট পানির লেভেল এর উপরে অবস্থিত ।
০৪.	কবরস্থান-৫৭টি হিন্দু শ্মাশান-৫টি বৌদ্ব শ্মাশান-৫টি	ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডে ৫৭টি কবরস্থান আছে.২,৩,৬ ও ৯ নং ওয়ার্ড হিন্দু শ্মাশানঘাট ৫টি এবং ১,২,৫,৬ ও ৯ নং ওয়ার্ড বৌদ্ধ শ্মাশানঘাট-৫টি	বন্যা বা জলাবদ্ধতার সৃষ্ট পানির লেভেল এর উপরে অবস্থিত ।
০৫.	কবরস্থান- ১৮টি হিন্দু শ্মাশান-২ টি বৌদ্ব শ্মাশান- ২টি	ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডে ১৮টি কবরস্থান আছে. ১,৭ নং ওয়ার্ড হিন্দু শ্মাশানঘাট-২ টি এবং ৬ নং ওয়ার্ড বৌদ্ধ শ্মাশানঘাট-২ টি	বন্যা বা জলাবদ্ধতার সৃষ্ট পানির লেভেল এর উপরে অবস্থিত ।

যোগাযোগ ও পরিবহনের মাধ্যমঃ

জেলা এবং অন্যান্য উপজেলার সাথে যোগাযোগের মাধ্যমঃ রিক্সা,টেক্সী,বাস, মাইক্রো,জীপ,টেম্পু,নসিমন, টমটম এবং সিএনজি ।

জেলা শহরের সাথে যোগাযোগঃ

- ককসবাজার জেলা শহরের সাথে সড়ক পথে উখিয়া উপজেলার সরাসরি যেকোন ধরনের যানবাহনের মাধ্যমে যোগযোগ করা যায়।

উপজেলা শহরের সাথে যোগাযোগঃ

- উখিয়া উপজেলার সাথে অন্যান্য উপজেলা যেমন দক্ষিণে টেলনাফ উপজেলা, উত্তরে রামু উপজেলা এবং উত্তর-পূর্বে নাইক্ষ্যছড়ি উপজেলার সাথে সরাসরি বাস, মিনিবাস, বেবি টেক্সি, মটরসাইকেল যোগে যাতায়াত করা য়ায়।
- উখিয়া উপজেলা পরিষদরে সাথে অন্যান্য ৫টি ইউনিয়নের সরাসরি সড়ক যোগাযোগ ব্যবস্থা রয়েছে। বাস, মিনি বাস, সিএনজি, রিকসা, বেবি টেক্সি, মটরসাইকেল ইত্যাদি যোগে যাতায়াত করা সম্ভব।

১.৪.৩. আবহাওয়া ও জলবায়ু

বৃষ্টিপাতের ধারাঃ ১৯৯১ সালের পূর্বে উখিয়া উপজেলার বৃষ্টিপাতের ধারা একটি নিয়মতান্ত্রিক ভাবে বিদ্যমান ছিল। সাম্প্রতিক বছরগুলোতে বিশেষ করে ২০০০ সালের পর থেকে নিয়মিত বৃষ্টিপাত পরিলক্ষিত হচ্ছে না। ঋতুভেদে বৃষ্টি পরিমান, ধারা এবং স্থায়ীতকাল সমঞ্জস্যপূর্ণ ছিল। লক্ষণীয় বিষয় হলো যে, ১৯৯৪ সালের পর থেকে হঠাৎ করে বৃষ্টিপাতের ধারার পরিবর্তন লক্ষ্য করা যায়। পরিবর্তনের ধারা হিসাবে মাঘ মাস থেকে বৈশাখ মাসের আগে তেমন বৃষ্টি হতো না। জৈষ্ঠ্য-আষাঢ় মাসে হঠাৎ করে ভারি বৃষ্টি শুরু হয়। গত ১০/১২ বছরে যাবৎ বৃষ্টিপাতের ধারার এ পরিবর্তনে ফসল এবং জনজীবনের উপর বিরূপ প্রভাব করে চলেছে। ক্ষতিগ্রস্ত হচ্ছে ধান ও পান উৎপাদন। স্থানীয় জনগণের মতে বিগত ৫-৭ বছর থেকে বৃষ্টিপাতের আমুল পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। যেমন পূর্বে পৌষ মাসে বৃষ্টি হত কিন্তু বর্তমানে এই হঠাৎ বৃষ্টি বা মৌসুমী বৃষ্টি আর হয় না। আবার কখনও লাগাতার ১০-১৫ দিন লাগাতার অবিরাম বৃষ্টি হয় তখন অকসাৎ বন্যা দেখা দেয় যা ব্যাপক ক্ষয়ক্ষতির সৃষ্টি হয়।

তাপমাত্রাঃ জলবায়ু পরিবর্তনের সাথে সাথে তাপমাত্রার উপর এক আমুল পরিবর্তন ও প্রভাব লক্ষ্য করা যাচ্ছে। এই পরিবর্তন ১৯৯১ সালের পর থেকে তাপমাত্রার আমুল পরিবর্তন অর্থাৎ তাপমাত্রা বেড়ে যাওয়ার বিষয়টি প্রতিয়মান হয়েছে। স্থানীয় পর্যায়ের বনাঞ্চল কমে যাওয়ায় এই তাপমাত্রার তারতম্যের কারণ বলে এলাকার সচেতন জনগণ মনে করে। সম্প্রতি বছরগুলোতে চৈত্র থেকে ভাদ্র মাস পর্যন্ত সময়ে এই উপজেলায় সবত্র অসহ্য গরম অনুভূত হচ্ছে। স্থানীয় আবহাওয়া অফিস তথ্যসূত্র মতে এই সময় তাপমাত্রা ৩১° সেলসিয়াস থেকে প্রায় ৪১° সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধি পায়।

ভূ-গর্ভস্থ পানির স্তরঃ উখিয়া উপজেলার ভূ-গর্ভস্থ পানির স্তর এলাকা বা ইউনিয়ন ভেদে ভিন্নতা লক্ষ্য করা গেছে। তবে বিগত ১৫ বছর সময়ের মধ্যে ভূগর্ভস্থ পানির স্তর একটি বিশাল পরিবর্তন লক্ষ্য করা গেছে। পূর্বে যেসব এলাকায় ৫০ ফুট গভীরে সুপেয় পানি পাওয়া যেতে সেই জাগয়ায বর্তমানে ১০০-১৫০ ফুটের কমে সুপেয় পানি পাওয়া দুস্কর হয়ে পড়েছে। উল্লেখ্য যে, উপজেলার রত্নপালঙ ইউনিয়ন ২০০ ফুট নীচে পানি পাওয়া যায় না।

(তথ্যসূত্র জেলা আবহাওয়া অফিস)

১.৪.৪ অন্যান্য ঃ

ভূমি ও ভূমির ব্যবহারঃ উখিয়া উপজেলার ভূমির বৈচিত্রতা রয়েছে। এখানে রয়েছে উচু পাহাড়, সমতল ভূমি, নীচে এলাকা, সমদ্র সৈকত, উচু-নীচে জমিন এবং অসমতল টিলা ইত্যাদি। সেইসাথে একফসলী জমির পরিমান খুব কম যেখানে তিনসফলী জমির পরিমান সবচেয়ে বেশী। এই উপজেলায় কোন লবন চাষ নাই। তবে এখানে রয়েছে চিৎড়ী পান চাষের জমি যা মানুষের জীবিকার জন্য খুবই গুরুত্বপূর্ণ। নিম্নে উখিয়া উপজেলার খাতওয়ারী ভূমির পরিমান প্রদান করা হলো ঃ

- মোট ভূমির পরিমাণ ঃ ৬৪৬৬৫ একর
- আবাদী ভূমির পরিমাণ ঃ ২৬৪৩১ একর
- অনাবাদী ভূমির পরিমাণ ঃ ৬১৭১একর
- বনভুমি ঃ ৩২০৬৩ একর
- একফসলী ঃ ৪২৮০ একর
- দোফসলী ঃ ১৯৫০৩ একর
- তিন ফসলী ঃ ২১৫৪ একর
- চিংড়ী চাষ ঃ ৭০০ একর
- পান চাষ ঃ ৮৬৫ একর

নিচে ছক আকারে ইউনিয়ন ভিত্তিক জমির পরিমান ও ব্যবহারের বিস্তারিত তথ্য প্রদান করা হলোঃ

ইউনিয়ন	জমির পরিমাণ (একর)			জমির ব্যবহার (একর)	
	আবাদী	অনাবাদী	একফসলী	দোফসলী	তিনফসলী
জালিয়াপালং	৫২১১	১২৪৫	৯৬৩	৪১০০	৪৫৫
রত্নাপালং	৩০৮১	৪৭০.৩০	৮৮৪	২৮৬৫	৩৭১
হলদিয়া	৫৮২৭	১০২৫	৫১৯	৩৯৬৭	৪৪৫
রাজাপালং	৭০৯৮	১১৮৪	১০২৫	৫২৮৬	৪৮৩
পালংখালী	৫১৪৪	১৮.১৪	৮৮৯	৩২৮৫	৪০০
মোট	২৬৪৩১	৩৯৪২.৪৪	৪২৮০	১৯৫০৩	২১৫৪

(তথ্যসূত্র উপজেলা ভূমি অফিস)

কৃষি ও খাদ্য ঃ উখিয়া উপজেলার লোকজনের প্রধান পেশা কৃষি। এছাড়াও এই এলাকার জনগণ পান এবং বিভিন্ন মৌসুম ভিত্তিক সবজী চাষ করে জীবিকা নির্বাহ করছে। পাশাপাশি অর্থকরী ফসলের মধ্যে পাট, আখ, ডাল ইত্যাদি চাষবাদের নির্ভশীল। তবে উপজেলার জালিয়াপালং ইউনিয়নের একটি বিরাট অংশ মানুষ মৎসজীবি যা বঙ্গোপসারের মাছ ধরে জীবিকা নির্বাহ করেন।

উখিয়া উপজেলায় প্রাধান ফসল ঃ

অর্থকরী ফসল ঃ ধান, পাট, আখ, ডাল, মাছ, পান ও সুপারী।

শাক-সব্জী সমূহ ঃ টমেটো, আলু, বেগুন, মুলা, শিম, তিতকরলা, ফুলকপি, বাঁধাকপি, মরিচ, চিচিংগা, লালশাক, কলমি, ফেলন, মিষ্টিকুমড়া, লাউ, রাইশাক, ঢেঁড়শ, পালংশাক, শসা, ইত্যাদি।

ফল সমূহ ঃ তরমুজ, বাঙ্গী, আম, পেয়ারা, আনারস,, জাম, কুল, বেল, নারিকেল, পেঁপে ইত্যাদি।

নদী ঃ

এই উপজেলার তেমন নদী নেই। একমাত্র নদী নাফ যার মোট ৮ কিলোমিটার উখিয়ার উপজেলার মধ্যদিয়ে প্রবাহিত হয়েছে। পালংখালী ইউনিয়নের পালংথালী থালের মুখ থেকে শুরু হয়ে বলুখালী খালের মুখ পর্যন্ত বিস্তৃত।

পুকুরঃ

উখিয়া উপজেলায় ছোট বড় অনেকগুলো পুকুর রয়েছে। এক সময় যখন এই এলাকায় তেমন নলকুপ ছিল না, তখন অধিবাসীগণ পুকুরের পানিকেই খাবার ও অন্যান্য গৃহস্থালী কাজে ব্যবহার করতেন। বতর্মানে অনেক পুকুরে মাছের চাষ করছে। উপজেলায় মোট পুকুরের সংখ্যা প্রায় ১৩০ টি। নিম্নে ইউনিয়ন ভিত্তিক পুকুরের বিস্তারিত তথ্য প্রদান করা হলোঃ

সংখ্যা	কোন ইউনিয়ন ও ওয়ার্ডে অবস্থিত	উপকারীতা	সংক্ষিপ্ত বর্ণনা
৯ টি	জালিয়াপালং ইউনিয়নে ১-৯ নং ওয়ার্ড	তেলাপিয়া, কই, মাগুর, রুই, কাতলা, কার্পু, সরপুটি জাতীয় মাছের চাষ করা হয় এবং মিটা পানির মৎস চাষ বৃদ্ধি পেয়েছে। ছোট মাছের উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। উপজেলার মানুষের পুষ্টির চাহিদা পূরণে সহায়তা করছে। সর্বপরি পুকুরে মাছ চাষ করে মৎসজীবিরা জাতীয় অর্থনীতিতে সহায়ক ভুমিকা রাখছে। উক্ত পুকুরের পানি চাষাবাদ কাজে ব্যবহার করা হয়।	উখিয়া উপজেলার জনসাধরন দৈনন্দিন সাধারন কাজে পুকুর গুলো পানি ব্যবহার করে থাকে।
২৪ টি	রত্নাপালং ইউনয়নে ১-৯ নং ওয়ার্ডে		
৫৮ টি	হলদিয়াপালং ইউনয়নে ১-৯ নং ওয়ার্ডে		
২৯ টি	রাজাপালং ইউনয়নে ১-৯ নং ওয়ার্ডে		
১০ টি	পালংখালী ইউনিয়নে ১-৯ নং ওয়ার্ড		
মোট:১৩০ টি			

(তথ্যসূত্র উপজলা কৃষি ও উৎস অফিস)

খাল ঃ

উখিয়া উপজেলার অধীনে ছোট-বড় মোট ১৫টি খাল বিভিন্ন ইউনিয়নের মধ্যদিয়ে প্রবাহিত হয়েছে। বিশেষ করে দুই/এক খাল সারা বছর প্রবাহমান থাকে এবং সেগুলো বঙ্গোপসারে গিয়ে পড়েছে। আর বাকী খালগুলো বর্ষার মৌসমে খরস্রোতা থাকে। নিম্নে উপজেলার ১৫ খালের অবস্থান বিস্তারিতভাবে বর্ণনা দেয়া হলোঃ

কয়টি/ইউনিয়ন	সংক্ষিপ্ত বর্ণনা
জালিয়াপালং ইউনিয়ন-৬টি	**রেজুখাল:** রেজুখালের ব্রীজের মুখ হতে পূর্ব পাইন্যাশিয়া পর্যন্ত। ছোট ছোট পাহাড়ি ঝর্না থেকে এই খালের উৎপত্তি হয়ে বঙ্গাপসাগরের সাথে মিলিত হয়েছে। এই খাল হতে জেলেরা মাছ আহরন করে জীবন - জীবিকা পরিচালীত করে ।তাছাড়া শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ

কয়টি/ইউনিয়ন	সংক্ষিপ্ত বর্ণনা
	ব্যবস্থা করে তাকে। বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে এবং খালের দুই পাড়ে উচুও শক্ত বাঁধ না থাকার কারনে ইউনিয়নের বেশি ভাগ এলাকা বিশেষ করে পাইন্যাশিয়া, সোনাইছড়ি, সোনাপাড়া ,পূব-পাইন্যাশিয়া, চরপাড়া, জুম্মাপাড়া এবং লম্বরীপাড়া বন্যা পালাবিত হয়। সামাদ্রিক জোয়ারের এর ফলে পানিতে লবনাক্ততা বেড়ে যায় ও ফসলের ক্ষতি করে। ৭ কি:মি প্রায় (১,২ ও ৩ নং ওয়ার্ড) । **মনখালী খাল:** ৮কি:মি প্রায়। মনখালী সমুদ্রের খালের মুখ হতে মনখালী নতুন চাকমা পাড়া পর্যন্ত ।শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে চাষীরা (৯ নং ওয়ার্ড) । **চোয়াংখালী খালঃ** ৫ কি:মি প্রায়। চোয়াংখালী হতে শুরু হয়ে চোয়াংখালীর পূর্ব দিকে আকাঁ-বাকা হয়ে পাহাড়ে প্রবেশ করেছে। শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে চাষীরা।(৮ নং ওয়ার্ড) । **ছেপটখালী খাল:** ১০ কি:মি প্রায় । মাদারবনিয়া হতে মনখালী দিয়ে ছেপটখালী পর্যন্ত, এই খাল হতে জেলেরা মাছ আহরন করে জীবন - জীবিকা পরিচালিত করে ।তাছাড়া শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে। বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টিও পাহাড়ি ঢলের কারণে এবং খালের দুই পাড়ে উচুও শক্ত বাঁধ না থাকার কারনে ইউনিয়নের বেশি ভাগ এলাকা মানুষ ক্ষতি গ্রস্থ হয়।(৮ ও ৯ নং ওয়ার্ড) । **ইনানী বড় খাল: ১৫** কি:মি প্রায়। ইনানী খাল ছেয়ংচুলী হতে ইনানী পর্যন্ত । শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে থাকে । **ইনানী ছোট খাল: ২০** কি:মি প্রায়। ইনানী খাল ছেয়ংচুলী হতে ইনানী পর্যন্ত । শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে(৬,৭ ও ৮)
রত্নাপালং ইউনিয়নে-২ টি	**রেজুখাল:** হিজলিয়া হতে কুনারপাড়া ব্রীজ পর্যন্ত ৮ কি;মি । ছোট ছোট পাহাড়ি ঝর্না থেকে এই খালের উৎপত্তি হয়ে বঙ্গাপসাগরের সাথে মিলিত হয়েছে। এই খাল হতে শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে। বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে এবং খালের দুই পাড়ে উচু ও শক্ত বাঁধ না থাকার কারনে ইউনিয়নের বেশি ভাগ এলাকা পালাবিত হয়। বিশেষ করে ৮ ও ৯ নং ওয়ার্ড বন্যা পালাবিত হয়। সামাদ্রিক জোয়ারের এর ফলে পানিতে লবনাক্ততা বেড়ে যায় ও ফসলের ক্ষতি করে। **চেইংচুরী খাল:** ভালকিয়া হতে পোষ্ট অফিস সড়ক পর্যন্ত ৬ কি;মি । বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে এবং খালের দুই পাড়ে উচু ও শক্ত বাঁধ না থাকার কারনে ইউনিয়নের বেশি ভাগ এলাকা পালাবিত হয়। শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে।
হলদিয়াপালং ইউনিয়ন-২টি	**রেজুখাল:** ধুরুম খালী হতে চৌধুরী পাড়া পর্যন্ত। ছোট ছোট পাহাড়ি ঝর্না থেকে এই খালের উৎপত্তি হয়ে বঙ্গাপসাগরের সাথে মিলিত হয়েছে। এই খাল হতে শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে। বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টিও পাহাড়ি ঢলের কারণে এবং খালের দুই পাড়ে উচুও শক্ত বাঁধ না থাকার কারনে ইউনিয়নের বেশি ভাগ এলাকা বিশেষ করে চৌধুরী পাড়া, কুলাল পাড়া ধুরন্ন খালী, মহাজন পাড়া, জনবলি পাড়া,মধুঘোনা ,পাগলির বিল এবং ঘোনারপাড়া বন্যা পালাবিত হয়। সামাদ্রিক জোয়ারের এর ফলে পানিতে লবনাক্ততা বেড়ে যায় ও ফসলের ক্ষতি করে। ৮কি:মি প্রায় (২,৩,৪,৫,৬,৮ ও ৯ নং ওয়ার্ড) । **পাগলির খাল:** গুরাইয়ার দ্বীপ হতে ৪ নং ওয়ার্ডের পাতাবাড়ি পর্যন্ত ৮কি:মি প্রায় (১,২,৩ ও ৪ নং ওয়ার্ড) ।
রাজাপালং ইউনিয়ন-৩ টি	**রেজুখাল:** ২৫কি:মি: নাইক্ষংছড়ি পাহাড়ী হতে ছোট ছোট পাহাড়ি ঝর্না হতে উৎপত্তি হয়ে বঙ্গাপসাগরের সাথে মিলিত হয়েছে । ইউনিয়নে তুতুরবিল হতে দরগা বিল পর্যন্ত এই খাল বিস্তৃত ভাবে ছড়িয়ে আছে । বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে এবং খালের দুই পাড়ে উচু ও শক্ত বাঁধ না থাকার কারনে ইউনিয়নের বেশি ভাগ এলাকা পালাবিত হয় ।সামাদ্রিক জোয়ারের এর ফলে পানিতে লবনাক্ততা বেড়ে যায় ও ফসলের ক্ষতি করে। শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে। **দুছড়ি খাল :** ১৫কি:মি তুতুরবিল হতে মধুরঘোনা পর্যন্ত । দুছড়ি খালের কারণে ইউনিয়নের বেশি ভাগ এলাকা পালাবিত হয় । শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে।

কয়টি/ইউনিয়ন	সংক্ষিপ্ত বর্ণনা
	গয়ালমারা খাল: ১৮কি:মি: তুতুরবিল হতে মধুরঘোনা দিয়ে রত্নাপালং ইউনিয়নে প্রবেশ করেছে ।বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে এবং খালের দুই পাড়ে উচু ও শক্ত বাঁধ না থাকার কারনে ইউনিয়নের বেশি ভাগ এলাকা পালাবিত হয় ।
পালংখালী ইউনিয়ন- ৪টি	**বালুখালী খাল: -** ৭কি:মি প্রায়। মধুর ছড়া হয়ে চন্দ্রপাড়া দিয়ে নাফ নদীর সাথে মিলিত হয়েছে। বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে এবং খালের দুই পাড়ে উচু ও শক্ত বাঁধ না থাকার কারনে ইউনিয়নের বেশি ভাগ এলাকা পালাবিত হয় । সামাদ্রিক জোয়ারের এর ফলে পানিতে লবনাক্ততা বেড়ে যায় ও ফসলের ক্ষতি করে। **থাইংখালী খাল:-** ৮কি:মি প্রায়। । আছড়তলীর ঘাটের দুই মুখা হতে তরুলাপাড়া ও ফাসিয়াখালী পাড়ার মধ্যে দিয়ে নাফ নদীর সাথে মিলিত হয়েছে । **পালংখালী খাল**:- ১৪ কি:মি প্রায়। নজুমোরা পূর্ব দিক হতে শুরু করে পালংখালী হয়ে সমিতি পাড়ার দক্ষিণে এবং টেকনাফ সীমান্তের উলুবনিয়া উ: পাশ দিয়ে নাফ নদীর সাথে মিলিত হয়েছে। **বালুখালী খাল:** - ৬কি:মি প্রায়। মধুর ছড়ার দক্ষিণ পাশ হতে শুরু হয়ে বিজিবি ক্যাম্পের দক্ষিণে চৌধুরী পেরা ও বড়ুয়া পেরা মাঝখান দিয়ে নাফ নদীর সাথে মিলিত হয়েছে। এই খাল হতে পানি আহরন করে মৎস চাষ করে থাকে । শীত মৌষমে চাষাবাদের জন্য খালে বাঁধ দিয়ে পানি সংরক্ষণ করে ফসলে সেচ ব্যবস্থা করে তাকে।

বিলঃ

কয়টি/ইউনিয়ন	সংক্ষিপ্ত বর্ণনা
রত্নাপালং ইউনিয়ন-৩ টি	কামরীয়ার বিল, ভালুকিয়া বিল ও খুয়া বিল ।
হলদিয়াপালং ইউনিয়ন-৪ টি	উত্তর বড়বিল, পাতাবাড়ি বিল,চৌং বিল,পাগলির বিল ।
রাজাপালং ইউনিয়ন-৫ টি	খইরাতির উত্তর বিল,মাছকারিয়া, সিকদার পাড়া বিল, প: দরগার বিল, পূর্ব দরগার বিল ।
পালংখালী ইউনিয়ন-৪ টি	রহমতের বিল,আঞ্জুমান পাড়া, দক্ষিণ রহমতের বিল ।

উল্লেখ্য উখিয়া উপজেলায় কোন হাওড় নাই । সাগর তীরবর্তী হলেও লবনাক্ততার কারণে ক্ষতিগ্রস্ত হয় কোন আপদ নেই । কেননা সাগরের পানি সহজে উপজেলার ভেতরে প্রবেশ করতে পারে না । এছাড়া এই উপজেলায় এই যাবৎ কোন আর্সেনিক দুষণ চিহ্নিত হয়নি ।

দ্বিতীয় অধ্যায়ঃ দর্যোগ. আপদ এবং

২.১. দুর্যোগের সার্বিক ইতিহাস

কক্সাবাজার জেলা হতে ৩২কি.মি. দক্ষিণে বঙ্গোসাগরে কুল ঘেষে পাহাড় বেষ্টিত উখিয়া উপজেলা। বঙ্গোপসাগরের সন্নিকটে হওয়ার কারণে বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগ বিশেষতঃ ঘূর্ণিঝড়, সামুদ্রিক জল্লোচ্ছাস, পাড়াহী ঢল ও আকস্মিক বন্যা, পাহাড় কাটা, কালবৈশাখী/বজ্রপাত, ধান-পানে পোকার আক্রম, লবনাক্ততা ইত্যাদি'র প্রভাবে এতদ্বাঞ্চলের মানুষ নানাভাবে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকির মধ্যে বসবাস করে। এই উপজেলার প্রধান দুর্যোগের মধ্যে পাহাড়ী ঢলে বন্যা, ঘূর্ণিঝড়, জলাবদ্ধতা, গ্রীষ্ম মৌসুমে সেচ সমস্যা, খালের পাড় ভাঙ্গন, হাতির আক্রমন, পাহাড় কাটা, বৃক্ষ নিধন, কালবৈশাখী, বজ্রপাত, অতি বৃষ্টি উল্লেখ্যযোগ্যা।

বিশেষভাবে বছরের মার্চ-মে এবং অক্টোবর মাসে এই উপজেলায় পাহাড়ী ঢলের কারণে বন্যা, খালের পাড় ভাঙ্গন, হাতির আক্রমন, পাহাড় কাটা, বৃক্ষ নিধন এর মত প্রাকৃতিক দুর্যোগ হানা দেয়। যেহেতু পাহাড়াঞ্চল বঙ্গোপসারের কুলবর্তী অঞ্চল হওয়ার কারণে খুব সহজে এই প্রাকৃতিক দুর্যোগের স্বীকার হয় এবং ব্যাপক ক্ষয়ক্ষতি ঘটে। সেই সাথে সামুদ্রিক জলোচ্ছাস এ অঞ্চলের মানুষদের বিপদাপন্ন করে তোলে।

অতীতে রেকর্ড থেকে যায় যে, ১৯৯১ সালে ঘূর্ণিঝড়ে জালিয়াপালং ইউনিয়নে ১২ ফুট উচ্চতায় জলোচ্ছাস হয়েছিল এবং বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়। ১৯৯১, ১৯৯৪, ১৯৯৭সালে জলোচ্চস ও ঘূর্ণিঝড়ে প্রবল বাতাসে গাছপালা, পাহাড়ী বন সম্পদ বা বনবৃক্ষের ব্যাপক ক্ষতি সাধিত হয় যা পুরন করার মত নয়। সাধারণত বর্ষা মৌসমে সামুদ্রিক জোয়ার ৩-২০ফুট উচ্চতায় প্লাবিত হয়ে থাকে এবং ৬ ঘন্টা পর্যন্ত স্থায়ী হয়। উপজেলার ৫টি ইউনিয়ন পাহাড় বেষ্টিত হওয়ায় দ্রুত পানি নেমে যায়।

উখিয়া উপজেলার ঘূর্ণিঝড় সাধারনতঃ দক্ষিণ-পশ্চিম দিক হতে আসে এবং জলোচ্ছাস পশ্চিম দিক থেকে ধেয়ে আসে। প্রাকৃতিক দুর্যোগের কারণে এলাকার নানাবিধ সমস্যা ও অসুবিধা সম্মূখীন হতে হয় অধিবাসীদের। যেমন বসতবাড়ী ধবংস হয়ে যাওয়া, পানীয় জলের দুস্প্রাপ্যতা, যাতায়াতের সমস্যা, শিক্ষা প্রতিষ্ঠানের ধবংস হবার কারণে শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়, সাধারণ মানুষের স্বাস্থ্যের মারাত্বক হানি হয়ে থাকে।

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমান	কোন কোন খাতে উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়
বন্যা	২০১০	• ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫টি • ক্ষতিগ্রস্থ এলাকা ৬৪.৫বর্গকি.মি. • ক্ষতিগ্রস্ত পরিবার ১৮৩৯টি আংশিক ৩৯৭৩টি • ক্ষতিগ্রস্থ লোক ১৯৫জন ও আংশিক ১৯,৮৬৫জন • মৃত্যুর সংখ্যা - ৯জন • ১০,৮৯২ একর জমির ২০% ফসল ক্ষতি হয় যার মুল্য প্রায় ২ কোটি টাকা। • চিংড়ি/মৎস খামার/হ্যাচারি খাতে ২২৯৭একর জমিসহ প্রায় ১০ কোটি টাকা • ২৮১টি নলকুপ, জলাশয় রাস্তাঘাটসহ অন্যান্য খাতে ক্ষতি হয় প্রায় ২০ কোটি টাকা।	অবকাঠামো, রাস্তা, গবাদি পশু, ফসলিজমি, ধান, পান বরজ, সুপারি বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ী চাষ, হ্যাচারী, আবাসিক, বনভুমি, ঘরবাড়ী ইত্যাদি
ঘুর্ণিঝড় আইলা	২০০৯	• ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫টি • ক্ষতিগ্রস্ত পরিবার ৮৭টি আংশিক ৩৯৭৩টি • ক্ষতিগ্রস্থ লোক ৬১০জন • মৃত্যুর সংখ্যা - ১জন • ৫০০০ একর জমির ১৫% ফসল ক্ষতি হয় যার	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ , গবাদি পশু, ফসলিজমি, ধান, পান বরজ, সুপারি বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ীর, বনভুমি, ঘরবাড়ী ইত্যাদি

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমান	কোন কোন খাতে উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়
		মুল্য প্রায় ১ কোটি টাকা । • চিংড়ি/মৎস/হ্যাচারি খাতে ১০০০ একর জমিসহ প্রায় ২ কোটি টাকা	
ঘুর্ণিঝড়	১৯৯৭	• ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫টি, ক্ষতিগ্রস্ত পরিবার ১৯,৯০০টি • ক্ষতিগ্রস্থ লোক ৯৬,৪৮৮জন • মৃত্যুর সংখ্যা - ৩জন (আহত-৩০০) • গবাদি পশু মৃত্যু সংখ্যা-৪৭২ এ খাতে ক্ষতির পরিমান ২৫ লক্ষটাকা • টেলিযোগাযোগ খাতে ১০লক্ষ টাকা • ১৫টি শিক্ষা প্রতিষ্ঠন ক্ষতিগ্রস্ত হয় যার মূল্য ২০ লক্ষ টাকা • ১৫০টি মসজিদ ও মন্দির ক্ষতিহয় যার মূল্য ৩০ লক্ষ টাকা • ২৫০০একর জমির ফসল ক্ষতিহয়, ৩০০ একর পানবরজ ক্ষতি হয় যার মুল্য প্রায় ১০ কোটি টাকা । • চিংড়ি/মৎস খামার/হ্যাচারি খাতে ২৪০০একর জমিসহ প্রায় ৭ কোটি টাকা • নলকুপ, বনভুমি, রাস্তাঘাটসহ গাছপালা ক্ষতি হয়, পানবরজ, সুপারীবাগান, ঘরবাড়ী সহ ব্যাপক ক্ষতি হয় । যার মূল্য প্রায় ৫০ কোটি টাকা ।	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ , গবাদি পশু, ফসলিজমি, ধান, পান বরজ, সুপারি বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ীর, বনভুমি, ঘরবাড়ী ইত্যাদি
ঘুর্ণিঝড়	১৯৯৪	• ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫টি • ক্ষতিগ্রস্ত পরিবার ২২,০০০টি • ক্ষতিগ্রস্থ লোক ১৯,৮৬৫জন • মৃত্যুর সংখ্যা - ৪০জন (বিদেশী-৭) • গবাদি পশু মৃত্যু সংখ্যা-৪০০ এ খাতে ক্ষতির পরিমান ৩৫ লক্ষটাকা • টেলিযোগাযোগ খাতে ১০লক্ষ টাকা • ৪৫টি শিক্ষা প্রতিষ্ঠন ক্ষতিগ্রস্ত হয় যার মূল্য ১,৪৭,৩০,০০০টাকা • ১৬৫টি মসজিদ ও মন্দির ক্ষতিহয় যার মূল্য ৪৫ লক্ষ টাকা • ৩৭৮০একর জমির ফসল ক্ষতিহয়, ৪০০ একর পানবরজ ক্ষতি হয় যার মুল্য প্রায় ১৫ কোটি টাকা । • চিংড়ি/মৎস খামার/হ্যাচারি খাতে ২৫০০একর জমিসহ প্রায় ৮ কোটি টাকা • নলকুপ, বনভুমি, রাস্তাঘাটসহ অন্যান্য খাতে ক্ষতি হয় প্রায় ১৫ কোটি টাকা । ডিআরআরও তথ্য মতে ১৯৯৪ সালের ঘূর্ণিঝড়ে ক্ষতি পরিমান ৮০কোটি ৪৯ লক্ষটাকা	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ , গবাদি পশু, ফসলিজমি, ধান, পান বরজ, সুপারি বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ীর, বনভুমি, ঘরবাড়ী ইত্যাদি
ঘুর্ণিঝড় ও সামুদ্রিক	১৯৯১	• ক্ষতিগ্রস্থ ইউনিয়ন ৫টি • ক্ষতিগ্রস্ত পরিবার ১২,৫৫০টি	অবকাঠামো, রাস্তা, বেড়ী বাঁধ , গবাদি পশু, ফসলিজমি, ধান, পান বরজ, সুপারি

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমান	কোন কোন খাতে উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়
জলোচ্ছাস		• ক্ষতিগ্রস্থ লোক ৬৭,২৫০জন • মৃত্যুর সংখ্যা-১৩জন আহত -৯৭২০জন • গবাদি পশু মৃত্যু সংখ্যা-৯৮২০ • ক্ষতিগ্রস্ত কৃষি জমি -৩৬৫০একর • টলিযোগাযোগ খাতে ক্ষতিগ্রস্ত ১কোটি১০লক্ষ টাকা • ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠন ৮৪টি • ১৫০০ একর পানবরজ ক্ষতি হয় • বনজসম্পদ/গাছপালার সংখ্যা২,২০,০০০টি • ক্ষতিগ্রস্ত চিংড়ি জমির পারিমান ২৭৫একর • ক্ষতিগ্রস্ত রাস্তা -১৪৪ কিমি. • বিদ্যুত খাতে ৩৩লক্ষটাকা • নলকুপ, বনভুমি, রাস্তাঘাটসহ অন্যান্য খাতে ব্যাপক ক্ষতি হয় ডিআরআরও তথ্য মতে ১৯৯১ সালের ঘূর্ণিঝড়ে ক্ষতি পরিমান ১০৯কোটি ৩৬ লক্ষটাকা	বাগান, বিভিন্ন প্রতিষ্ঠান, চিংড়ীর, বনভুমি, ঘরবাড়ী ইত্যাদি

(তথ্যসূত্র জেলা আবহাওয়া ও ডিআরআরও অফিস)

২.২ উপজেলা আপদ সমুহ ঃ

ক্রমিক নং	আপদ	ক্রমিক নং	অগ্রাধিকার
০১.	ঘুর্নিঝড়/জলোচ্ছাস	০১.	পাহাড়ী ঢল/বন্যা
০২.	পাহাড়ী ঢল/বন্যা	০২.	ঘূর্ণিঝড়/জলোচ্ছাস
০৩.	অতি বৃষ্টি	০৩.	অতি বৃষ্টি
০৪.	খরা/সেচ সমস্যা	০৪.	কালবৈশাখী / বজ্রপাত.
০৫.	কালবৈশাখী / বজ্রপাত	০৫.	জলাবদ্ধতা
০৬.	জলাবদ্ধতা	০৬.	খরা/সেচ সমস্যা
০৭.	বন্যহাতির আক্রমণ	০৭.	বন্যহাতির আক্রমন

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যত চিত্র বিস্তারিত বর্ণনা ঃ

ঘুর্ণিঝড় ও জলোচ্ছাস ঃ এ অঞ্চলে বসবাসকারী মানুষের কাছে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস সর্বাপেক্ষা বড় আপদ। ১৯৯১ সালের ২৯ এপ্রিল এ অঞ্চলের উপর দিয়ে বয়ে যাওয়া ঘূর্ণিঝড় এখনো স্থানীয় অধিবাসিদের কাছে একটি বিভীশিকাময় স্মরণীয় অধ্যায়। স্বজন হারানোর বেদনা এখনো তাদেরকে তাড়িয়ে বেড়ায়। গত দশকে ১৯৯১ এর ২৯ এপ্রিল, ১৯৯৪ এর ২রা মে, ১৯৯৫ সালের ১৫ মে, ১৯৯৭ সালের ১৯ মে ও ১৯৯৮ সালে ২০মে, ২০০১ সালের, ২০০৪ সালের ১৫ মে ও ২০০৭ সনের ১৪ মে উখিয়া উপজেলার উপর দিয়ে ঘূর্ণিঝড় প্রবাহিত হয়। এতে অনেক পরিবার তাদের আত্বীয়-স্বজন হারিয়েছেন, অনেকে বেঁচে থাকার সম্বল হারিয়েছেন। উখিয়ায় ঘটে যাওয়া বিভিন্ন ঘূর্ণিঝড়ে ১৬০ কিঃমিঃ এর বেশি বাতাসের গতিবেগ লক্ষ্য করা গেছে। সাইক্লোনের প্রচন্ড গতির টানে বিরাট জলরাশিসহ সমুদ্র উপকুল এবং উখিয়ার জালিয়াপালং সহ ৫টি ইউনিয়নের উপর দিয়ে অতিক্রম করে সবকিছু ভাসিয়ে নিয়ে যায়। এ জলোচ্ছাসে ৩ ফুট থেকে ২০ ফুট পর্যন্ত পানির উচ্চতা ছিল। (সূত্র পিআইও দপ্তর, সিপিপি, মূল তথ্য প্রদানকারীর স্বাক্ষাৎকার)

পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যা ঃ উখিয়া উপজেলায় অতিবৃষ্টির কারণে পাহাড়ী ঢলের ফলে বন্যা সংগঠিত হয়। এ বন্যায় ধান, সব্জী, ঘরবাড়ী, রাস্তাঘাট এবং বাধঁ ক্ষতিগ্রস্ত হয়। উখিয়া উপজেলায় ১৯৮৮, ১৯৯৮, ২০১০সালে সংগঠিত ভয়াবহ পাহাড়ী ঢলের বন্যায় প্রতিটি ইউনিয়নেই ক্ষতিগ্রস্ত হয়। পাহাড়ী ঢলের কারণে খাল, নদী ভাঙ্গনের প্রবনতা বেশী দেখা যায়। ফলে বসতবাড়ী ও কৃষি জমি বিলীন হওয়ার পাশাপাশি যোগাযোগ ব্যবস্থার বাধাগ্রস্ত হয়। পাহাড় থেকে সৃষ্ট খাল, ছড়া ও রেজু, কোহেলিয়া, প্রবহিত এলাকা, নিম্ন ও সমভূমি অঞ্চল প্লাবিত করে। পাহাড়ী বন্যায় ধান, সব্জী, ঘরবাড়ী, রাস্তাঘাট, যোগাযোগ, বিদ্যুৎ, অবকাঠামো এবং বাধঁ এর ব্যাপক

ক্ষতিগ্রস্ত করে। পাড়াহী ঢল সৃষ্ট হলে উখিয়া সব কটি ইউনিয়ন অধিবাসীদের স্বাভাবিক জীবনধারা ক্ষতিগ্রস্ত হবে। ক্ষতিগ্রস্ত হবে অবকাঠামো, স্থানীয় সম্পদ, রাস্তাঘাট, গবাদি পশু, ফসলিজমি, ধান, পান বরজ, বনসম্পদ, ঘরবাড়ী ইত্যাদি ক্ষতিগ্রস্ত হবে।

অতি বৃষ্টি ঃ উখিয়া উপজেলার জালিয়া পালং, রাজাপালং, রত্নাপালং, হলদিয়া পালং, পালংখলী ইউনিয়নে প্রতি বছর প্রচুর বৃষ্টি হয়। প্রতিটি ইউনিয়নে পাহাড় থাকার কারণে পাহাড়ী ঢলের ফলে বন্যা সংগঠিত হয়। অতিবৃষ্টির কারণে ধান, সব্জী, ঘরবাড়ী, রাস্তাঘাট এবং বাধঁ ক্ষতিগ্রস্ত হয়। উখিয়া উপজেলায় ১৯৮৮,১৯৯৮, ২০১০সালে অতিবৃষ্টি হয়। ঢলের বন্যায় প্রতিটি ইউনিয়নেই ক্ষতিগ্রস্ত হয়। জালিয়াপালং ইউনিয়নের প্রায় জায়গায় পশ্চিমের মেরিং ড্রাইভ সড়ক বা বেড়ীবাঁধ না থাকায় লবনাক্ত পানি দ্বারা প্লাবিত হয় ফলে প্রায় ১৫০০একর ফসলী জমিতে চাষাবাদ করা সম্ভব হবে না। উপজেলার ৫টি ইউনিয়নে নাফ নদী, দু'ছড়ি, রেজুর খাল, গয়ালমারা খাল, বালুখালী খাল, থাইংখালী খাল, পাগলীবিল খাল, চেইংচুরিখাল, ইনানী খাল, সেপটখালী খাল, চোয়াংখালী ও মনখালীখাল এলাকায় প্লাবিত হয়। ঘরবাড়ী নষ্ট হয়।

খরা/সেচ সমস্যা ঃ উপজেলার পালংখালী ইউনিয়নে মাঘ-বৈশাখ মাসে এখানকার খাল-বিলের পানি শুকিয়ে যায় এবং ভু-গর্ভস্থ পানির স্তর নিচে নেমে যায়। ফলে ফসলের উপাদন হ্রাস পায়। লোকজনের অসুখ-বিসুখ বেড়ে যায়। এ অবস্থা অব্যাহত জনজীবন, পরিবেশ মারাত্নক বিপর্যয়ের সম্মুখী হতে পারে।

কালবৈশাখী ঃ প্রতি বছর বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে উপজেলার প্রায় ইউনিয়নে কালবৈশাখী হয়। অধিকাংশ জনগন গরীব হওয়ায় দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা কালবৈশাখী সহনীয় নয়। বড় আকারে কালবৈশাখী হলে বা আঘাত হানলে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে।

জলাবদ্ধতা ঃ উপজেলার অধিকাংশ ইউনিয়নের ভুমি উঁচু ফলে দীর্ঘ মেয়াদী বন্যার সৃষ্টি হয় না। তবে অতি বৃষ্টির কারলে পাহাড়ী ঢলে অনেক স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হয়। বাঁধ নির্মাণ, গাইড ওয়াল নির্মাণ, ও রাস্তার দু'পাশে বৃক্ষ রোপনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে ভবিষ্যতে ক্ষয়ক্ষতির মাত্রা কমে আসবে।

বন্যহাতির আক্রমন ঃ উখিয়া উপজেলার ৬৪,৬৬৫ একর ভুমি মধে ৩২,০৬৩ একর পাহাড়ী বনভুমি হাতি অভায়ারন্য হিসাবে নাম ছিল। এ পাহাড়ী অঞ্চলে অনেক বন্য প্রাণী বাস করে এবং এ প্রাণীর আক্রমনে কৃষি জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়। বিশেষ করে ফসল কাটার সময় বন্যহাতির আক্রমন হয়ে থাকে। হাতির আক্রমে অনেক ঘরবাড়ী ভাংচুরসহ মানুষ গবাদিপুশুর মৃত্যুও হুমকির কারণ হয়ে দাড়ায়।

(তথ্যসূত্র জেলা আবহাওয়া ও ডিআরআরও অফিস)

২.৪. বিপদাপন্নতা ও সক্ষমতা

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
ঘুর্নিঝড়/জলোচ্ছাস	• অবকাঠামো ব্যাপক ক্ষতি হয় • চাষ যোগ্যজমির ক্ষতি হয় • জালিয়াপালং ইউনিয়নের প্রায় জায়গায় পশ্চিমের মেরিং ড্রাইভ সড়ক বা বেড়ীবাঁধ না থাকায় লবনাক্ত পানি দ্বারা প্লাবিত হয় ফলে প্রায় ১৫০০একর ফসলী জমিতে চাষাবাদ করা সম্ভব হয় না। • উপজেলার ৫টি ইউনিয়নে নাফ নদী, দু'ছড়ি, রেজুর খাল, গয়ালমারা খাল, বালুখালী খাল, থাইংখালী খাল, পাগলীবিল খাল, চেইংচুরিখাল, ইনানী খাল, সেপটখালী খাল, চোয়াংখালী ও মনখালীখাল এলাকায় প্লাবিত হয়। • ঘরবাড়ী নষ্ট হয়। • ফসল নষ্ট হয়ে অর্থনৈতিক ভাবে দুর্বল হতে পারে। • পেশা পরিবর্তন হতে পারে। • যোগাযোগ ব্যবস্থা ভেঙ্গে পড়ে। • ফসলের ব্যাপক ক্ষতি হয়।	• সমুদ্র উপকুলীয় এলাকা হওয়ায় তারা স্থানীয় পদ্ধতিতে মাটিতে গর্ত করে ধান সংরক্ষণ করে। • মেরিং ড্রাইভ সড়ক • প্রতিটি ইউনিয়নে উচু পাহাড় আছে • ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে। • মুলত অধিকাংশ কৃষক চাষ এর উপর র্নিভরশীল হওয়ায় তারা ক্ষতি কাটিয়ে • নাফ নদীর বেড়ীবাঁধ

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
পাহাড়ী ঢল/বন্যা	• বসতবাড়ীর ক্ষতি হয় • অবকাঠামোর নষ্ট হয় • ফসলের ক্ষতি হয় • যোগাযোগ ব্যবস্থা ভেঙ্গে পড়ে • ফসলের ব্যাপক ক্ষতি হয় • পানির সমস্যা দেখা দেয় • পানিবাহিত রোগ বেড়ে যায় • মশা, মাছি উপদ্রব বেড়ে যায় • নীচু এলাকা ডুবে যায়;	• পাহাড়ী এলাকা হওয়া বৃষ্টি কমে গেলে পানি নেমে যায় - পাহাড়ী ছড়া সংস্কার করা যেতে পারে । - উচু বাঁধ দিয়ে ফসলের জমি রক্ষা করা যেতে পারে; - মূলত কিছু কৃষক চাষ, মাছধরার উপর নির্ভরশীল হওয়ায় তারা ক্ষতি কাটিয়ে উঠতে পারে; - ইউনিয়ন পরিষদ এবং এনজিও যৌথ উদ্যোগে মাটি ভরাট কর্মসূচি;
অতিবৃষ্টি	• ঘরবাড়ী নষ্ট হয় • যোগাযোগ ব্যবস্থা ভেঙ্গে পড়ে • ফসলের ব্যাপক ক্ষতি হয় • নীচু এলাকা তলিয়ে যায়; • অবকাঠামোর নষ্ট হয়	• উঁচু এলাকা ও সমুদ্র উপকুলীয় এলাকা হওয়া পানি দ্রুত নেমে যায় । • মেরিং ড্রাইভ সড়ক আছে • প্রতিটি ইউনিয়নে উচু পাহাড় আছে • ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে । • মুলত অধিকাংশ কৃষক চাষ এর উপর র্নিভরশীল হওয়ায় তারা ক্ষতি কাটিয়ে • নাফ নদীর বেড়ীবা
খরা / মৌসুমী সেচ সমস্যা	• কৃষি সেচ পানির অভাব • দীর্ঘদিন অনাবৃষ্টির জন্য ফসলের ক্ষতি হয় • অনাবৃষ্টির জন্য মাছ মারা গিয়ে উৎপাদন কমে যায় । • চাষীদের আর্থিক ক্ষতি হয় • খাদ্য ঘাটতি হয় • দ্রব্যমূল্য বৃদ্ধি পায় • মৌসুমি শ্রমিক বেকার হয়	• গভীর নলকুপ বসানো ব্যাবস্থা আছে • মাঠে বিদ্যুৎ নেয়ার ব্যাবস্থা আছে । • মটর পাম্পা এর সুযোগ আছে ।
কালবৈশাখী	• ফসলের ব্যাপক ক্ষতি হয় । • ঘরবাড়ী নষ্ট হয় । • বসত বাড়ীর গাছপালা, পাহাড়ী বৃক্ষসহ বন সম্পদ নষ্ট হয়	• আশ্রয় কেন্দ্র আছে । • মুলত অধিকাংশ কৃষক চাষ এর উপর র্নিভরশীল হওয়ায় তারা ক্ষতি কাটিয়ে উঠতে পারে । • সমুদ্র হতে মৎস আহরন করতে পারে
জলাবদ্ধতা	• ফসলের ক্ষতি হয় • সৃষ্টি হয় • বেড়িবাধ ভেঙ্গে যায় • ঘরবাড়ী নষ্ট হয় • যোগাযোগের ক্ষতি হয়	• অমাবশ্যা, পূর্নিমার সাভাবিক জোয়ের পানি উঠার আগে স্থানীয় জনগন পার্শবতী উচু গ্রামে চলে যায় • উচু জায়গায় আশ্রয় নেয় ।
বন্যহাতির আক্রমন	• ফসলের ক্ষতি হয় । • ঘরবাড়ী নষ্ট হয় । • গাছপালা ক্ষতি হয় । • লোক জনন	• উঁচু গাছে টং বেঁধে পাহারা দেয়া • স্থানীয় লোকজন দলবদ্ধ হয়ে মশাল জ্বেলে হাতি তাড়ানো ।

২.৫ সবাধিক বিপদাপন্ন এলাকাঃ

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
ঘুর্নিঝড়/জলোচ্ছাস	-জালিয়া পালং ইউনিয়নের সোনারপাড়া, ডেইলপাড়া, লম্বরীপাড়া, সোনাইছড়ি, নিদানিয়া, ইনানী, মোহাম্মদার শফির বিল, রুপপতি, বাইলাখালী, ঈমামের ডেইল, সেপটখালী, মাদারবনিয়া, ও মনখালী -পালং খালী ইউনিয়নের ফাড়িরবিল, আনজিমানপাড়া, নলবনিয়া, বালুখালী, গয়ালমারা, ধামনখালী থাইংখালী, রহমতের বিল সহ উপজেলার অন্যান্য ইউনিয়ন সমূহ ।	✓ সঠিক সময়ে সর্তক সংকেত না পাওয়া ✓ আশ্রয় কেন্দ্রে যাওয়া অনিহা প্রকাশ ✓ দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা টর্নেডো/ ঘূর্ণিঝড় সহনীয় নয় ✓ বঙ্গোপসাগরে সাথে লাগানো এলাকা হওয়ায় হওয়ার কারনে	সমগ্র উপজেলার জনগন পরিবার
পাহাড়ী ঢল/বন্যা	উপজেলার পালংখালী, রাজাপালং, রত্নাপালং, হলদিয়া পালং ও জালিয়া পালং ইউনিয়নের অধিকাংশ এলাকা ।	✓ অতি বৃষ্টি, ✓ পর্যাপ্ত পানি নিস্কাশন ব্যবস্থা না থাকা । ✓ ভরাট হয়ে খালের গভীর কমে যাওয়া । ✓ নদী/খাল দখল হয়ে স্থাপনা নির্মাণ	৩৫০০ পরিবার
অতিবৃষ্টি	উপজেলার পালংখালী, রাজাপালং, রত্নাপালং, হলদিয়া পালং ও জালিয়া পালং ইউনিয়নের অধিকাংশ এলাকা ।	✓ রাস্তাঘাট উচু না থাক, ✓ খাল ভরাট হয়ে যাওয়ায় বর্ষা মৌসুমে গ্রাম গুলো পাবিত হয়	১৫০০ পরিবার
কালবৈশাখী	উপজেলার ৫টি ইউনিয়নের সমগ্র এলাকা সমূহ	দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা টর্নেডো/ ঘূর্ণিঝড় সহনীয় নয়	সমগ্র ইউনিয়নের জনগন
জলাবদ্ধতা	উপজেলার রাজাপালং ইউনিয়নের লম্বাঘোনা, ডেনলপাড়া, তুতুরবিল, দক্ষিন গয়ালমারা । রত্না পালং ইউনিয়নে ভালুকিয়া, থিমছড়ি, পেচাঁর ডেবা, রুহুল্যারডেবা ও তেলীপাড়া । হলদিয়াপালং ইউনিয়নে সাবেক রুমঁখা, চৌধুরীপাড়া এবং জালিয়াপালং ইউনিয়নের পাইন্যাশিয়া,লম্বরীপাড়া ও সোনাইছড়ি ।	✓ অতি বৃষ্টি, ✓ পাহাড়ী ঢল, ✓ পানি নিস্কাষনের ব্যবস্থা না থাক । ✓ খাল, নদী নালা সংস্কার না করা ।	৫০০০ পরিবার
বন্যহাতির আক্রমন	পালংখালী, রাজাপালং ও জালিয়া পালং ইউনিয়নের পাহাড় সংলগ এলাকা ও পাহাড়ী উপত্যকা ।	✓ পাহাড়ে বন্য হাতির প্রয়োজনীয় খাদ্যের অভাব ✓ পাহাড়ের বসতি গড়ে উঠায় ✓ অধিক হারে বৃক্ষ নিধন	৫০০ পরিবার

সর্বাধিক বিপদাপন্ন এলাকা



* Source: LGED Base Map

২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমূহ ঃ

খাত	বিস্তারিত বর্ণনা	ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
